দৈনিক জনকণ্ঠ

তারিখ JUL. 07 2000
পৃষ্ঠা ১২ কলাম ১

৭৪

# চট্টগ্রামে কমার্শিয়াল ইনস্টিটিউট দখলে শিবিরের কমান্ডো অভিযান॥

## অস্ত্রসহ ৫ ক্যাডার গ্রেফতার

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** শনিবার দুপুরে মৌলবাদী শিবির ক্যাডাররা কমান্ডো স্টাইলে হামলা চালিয়েছে ভোকেশনাল শিক্ষা প্রতিষ্ঠান বাংলাদেশ কমার্শিয়াল ইন্সটিটিউটে। তবে পুলিশের দ্রুত উপস্থিতিতে ইন্সটিটিউট দখলের প্রচেষ্টা ব্যর্থ হয়ে যায়। গ্রেফতার হয় ৫ শিবির ক্যাডার।

পুলিশ জানায়, ইন্সটিটিউট গত মাসে শেরশাহ কলোনি থেকে স্থানান্তরিত হয়েছে বাকলিয়ায়। এলাকাটি শিবির অধ্যুষিত। শনিবার বেলা সোয়া বারটায় শিবির বাহিনী মারাত্মক অস্ত্রে সজ্জিত হয়ে ইন্সটিটিউটে হাজির হয়। শুরু করে ব্যাপক গোলাগুলি। এ সময় পুরো এলাকা প্রকম্পিত হয়ে ওঠে। হামলায় ইন্সটিটিউটের বেশ ক্ষতি হয়। অধ্যক্ষের কার্যালয়ে বঙ্গবন্ধুর ছবি তছনছ হয়ে যায়। খবর পেয়ে সিএমপির ডিসি (নর্থ) নববিক্রম কিশোর ত্রিপুরার নেতৃত্বে দাঙ্গা পুলিশ শিবির ক্যাডারদের ধাওয়া করলে তারা পালিয়ে যায়। এ সময় শিবির ক্যাডাররা ৩টি মোটর সাইকেল জ্বালিয়ে দেয়। পুলিশ ঘটনাস্থল থেকে এসএমজি, থ্রীনটথ্রী রাইফেল ও কাটা বন্দুকের গুলির প্রচুর খোসা উদ্ধার করেছে। গ্রেফতার করেছে ৫ শিবির ক্যাডারকে। এ ব্যাপারে জননিরাপত্তা আইনে মামলা হয়েছে।